ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩২৪
আগরতলা, ১৯ অক্টোবর, ২০২৫

**ত্রিপুরাসুন্দরী মন্দিরে দেওয়ালি মেলা-২০২৫**
**২০-২৩ অক্টোবর ২৪ X৭ হেল্পলাইন**

উদয়পুর মাতাবাড়িতে শ্রী শ্রী মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে দেওয়ালি মেলা-২০২৫ উপলক্ষে ২০-২৩ অক্টোবর ২৪ X৭ হেল্পলাইন চালু করা হবে। আগামীকাল, ২০ অক্টোবর বিকেল ৪টা থেকে এই হেল্পলাইন চালু হবে। হেল্পলাইনটি আগামী ২৩ অক্টোবর মধ্যরাত (রাত ১২টা) পর্যন্ত কার্যকর থাকবে। গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের এই সংবাদ জানিয়ে বলেছেন, পূণ্যার্থী ও অতিথিদের সুবিধার জন্য এই হেল্পলাইন চালু করা হচ্ছে। হেল্পলাইনের যোগাযোগ নম্বর হচ্ছে ঃ মোবাইল নম্বর ৬৯০৯৯৬৭৮৮১, টোল ফ্রী নম্বর ১০৭৭ এবং ল্যান্ডলাইন নম্বর ০৩৮২১-২২৬৫৫৮।

*****